**Times Today BD**

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 18 May, 2025

চাকরিচ্যুত সময় থেকে এখন পর্যন্ত সম্পূর্ণ বেতন, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাসহ চাকরি পুনর্বহাল করাসহ চার দফা দাবি নিয়ে জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করেছেন চাকরিচ্যুত সশস্ত্র বাহিনীর সদস্যরা।এসময় তারা দাবি মানা না হলে জাহাঙ্গীর গেটের উদ্দেশে লং মার্চ করবেন বলে জানিয়েছেন।

রোববার (১৮ মে) জাতীয় প্রেস ক্লাবের সামনে বাংলাদেশ সহযোদ্ধা প্ল্যাটফর্ম - বিসিপির আয়োজনে এ কর্মসূচি পালন করেছেন চাকরিচ্যুত সশস্ত্র বাহিনীর সদস্যরা।

তাদের অন্য তিনটি দাবি হচ্ছে–

যদি কোনো সশস্ত্র বাহিনীর সদস্যকে চাকরিতে পুনর্বহাল করা সম্ভব না হয় তাহলে ওই সশস্ত্র বাহিনীর সদস্যকে সরকারি সব সুযোগ-সুবিধাসহ সম্পূর্ণ পেনশনের আওতাভুক্ত করতে হবে; যে আইন কাঠামো ও এক তরফা বিচার ব্যবস্থার প্রয়োগে শত শত সশস্ত্র বাহিনীর সদস্যকে চাকরিচ্যুত করা হয়েছে সেই বিচার ব্যবস্থা ও সংবিধানের আর্টিকেল-৪৫ সংস্করণ করতে হবে এবং গতকাল (শনিবার) গ্রেপ্তার হওয়া তাদের মুখ্য সমন্বয়ক সেনাবাহিনী থেকে বরখাস্ত হওয়া সৈনিক নাইমুল ইসলামকে মুক্তি দিতে হবে।

অবস্থান কর্মসূচিতে চাকরিচ্যুত সৈনিক মো. রিপন হোসেন বলেন, তিন বাহিনী মিলিয়ে প্রায় ৬০০ জনকে চাকরিচ্যুত করা হয়েছে।বাধ্যতামূলক পেনশনে পাঠানো হয়েছে অনেককে।কোর্ট মার্শাল করে চাকরিচ্যুত করা হয়েছে।অন্যায়ভাবে চাকরিচ্যুতি আমরা মানি না।

নৌবাহিনীর সাবেক নাবিক এম বাহাউদ্দিন বলেন, ৪৫ মিনিট সময় দিয়েছি।আমাদের দাবির বিষয়ে আলাপ করতে ক্যান্টনমেন্ট থেকে যদি কেউ না আসে ৪৫ মিনিটের মধ্যে, তাহলে আমরা জাহাঙ্গীর গেটের উদ্দেশে লং মার্চ শুরু করব।এ ছাড়া আমাদের প্রধান সমন্বয়ক নাইমুল ইসলামকে মুক্ত করতে হবে।

সশস্ত্র বাহিনী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:05

URL: https://www.timestodaybd.com/national/1479862644